গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০১ (প্রশাসন ও হিসাব)
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে-ই-বাংলানগর, ঢাকা-১২০৭।

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদাত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনের কর্মসূচী চূড়ান্তকরণ সংক্রান্ত সভার কার্যবিবরণীঃ

সভাপতি : জনাব মোঃ হেলাল উদ্দিন এনডিসি, মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
তারিখ ও সময় : ০৫-০৮-২০২১ খ্রি. সময়: সকাল ১০:০০ ঘটিকা
সভার স্থান : Zoom Application

সভাপতি সভায় আগত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভা শুরুতে সভাপতি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি এবং ১৯৭৫ সালের ১৫ আগস্ট কালোরাতে শহীদ সকলের প্রতি বিনম্র শ্রদ্ধা জ্ঞাপন করেন। তিনি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদাত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনের কর্মসূচি চূড়ান্তকরণ বিষয়ে সকলকে মতামত প্রদানের জন্য অনুরোধ জানান।

০২। অধিদপ্তর কর্তৃক জাতীয় শোক দিবসের কর্মসূচি নিয়ে বিস্তারিত আলোচনাপূর্বক নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয়:

| ক্র. নং | জাতীয় শোক দিবসের কর্মসূচি নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ০১. | ১৫ আগস্ট ২০২১ তারিখ রবিবার সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান ও বেসরকারি ভবনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা ও কালো ব্যাজ ধারণ।<br>**সিদ্ধান্ত:** ১৫ আগস্ট ২০২১ তারিখ রবিবার সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান ও বেসরকারি ভবনসমূহে পতাকা বিধি অনুসরণ পূর্বক জাতীয় পতাকা অর্ধনমিত রাখতে হবে এবং সকলকে কালো ব্যাজ ধারণ করতে হবে। | কারিগরি শিক্ষা অধিদপ্তর এবং অধিদপ্তরাধীন দপ্তর ও প্রতিষ্ঠানসমূহ |
| ০২. | শিক্ষা প্রতিষ্ঠান ও গুরুত্বপূর্ণ স্থানে জাতীয় শোক দিবসের পোস্টার লাগানো ও এলইডি বোর্ডের মাধ্যমে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।<br>**সিদ্ধান্ত:** তথ্য অধিদপ্তর এবং জেলা তথ্য অফিস হতে পোস্টার এবং ডকুমেন্টরি সংগ্রহপূর্বক শিক্ষা প্রতিষ্ঠানের প্রদর্শনযোগ্য স্থানে জাতীয় শোক দিবসের পোস্টার লাগানো ও এলইডি বোর্ডের মাধ্যমে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | কারিগরি শিক্ষা অধিদপ্তর এবং অধিদপ্তরাধীন দপ্তর ও প্রতিষ্ঠানসমূহ |
| ০৩. | ভার্চুয়াল প্লাটফর্ম ব্যবহার করে সকল সরকারি-বেসরকারি (এমপিও/নন-এমপিও) কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান জাতীয় শোক দিবসের সঙ্গে সঙ্গতিপূর্ণ আলোচনা সভা, কবিতা পাঠ, রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা, চিত্র প্রদর্শনী, হামদ-নাত প্রতিযোগিতা এবং দোয়া মাহফিলের আয়োজন ।<br>**সিদ্ধান্ত:** ভার্চুয়াল প্লাটফর্ম ব্যবহার করে সকল সরকারি-বেসরকারি (এমপিও/নন-এমপিও) কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান জাতীয় শোক দিবসের সঙ্গে সঙ্গতিপূর্ণ আলোচনা সভা, কবিতা পাঠ, রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা, চিত্র প্রদর্শনী, হামদ-নাত প্রতিযোগিতা এবং দোয়া মাহফিলের আয়োজন করতে হবে। জেলা ও উপজেলা পর্যায়ের প্রতিষ্ঠানসমূহ জেলা প্রশাসন ও উপজেলা প্রশাসনের সাথে সংগতি রেখে কর্মসূচি প্রণয়ন করবে। উক্ত কর্মসূচির একটি কপি অধিদপ্তরে প্রেরণ করবেন এবং কর্মসূচিসমূহ পালন শেষে তার একটি সচিত্র প্রতিবেদন অধিদপ্তরে দাখিল করবেন। | কারিগরি শিক্ষা অধিদপ্তর এবং অধিদপ্তরাধীন দপ্তর ও প্রতিষ্ঠানসমূহ |
| ০৪. | জাতীয় শোক দিবসের সঙ্গে সঙ্গতি রেখে অধিদপ্তর এবং অধিদপ্তরাধীন দপ্তর ও প্রতিষ্ঠানসমূহ কর্মসূচী প্রণয়ন ও সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে বাস্তবায়ন করবে। জাতীয় শোক দিবসের অনুষ্ঠান আয়োজনের ক্ষেত্রে ভার্চুয়াল প্লাটফর্ম ব্যবহারকে অগ্রাধিকার প্রদান।<br>**সিদ্ধান্ত:** জাতীয় শোক দিবসের সঙ্গে সঙ্গতি রেখে অধিদপ্তর এবং অধিদপ্তরাধীন দপ্তর ও প্রতিষ্ঠানসমূহ কর্মসূচী প্রণয়ন ও সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে বাস্তবায়ন করবে। জাতীয় শোক দিবসের অনুষ্ঠান আয়োজনের ক্ষেত্রে ভার্চুয়াল প্লাটফর্ম ব্যবহারকে অগ্রাধিকার প্রদান করবে। | কারিগরি শিক্ষা অধিদপ্তর এবং অধিদপ্তরাধীন দপ্তর ও প্রতিষ্ঠানসমূহ |

| | | |
|---|---|---|
| ০৫. | বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী, কারাগারের রোজনামচা, সিক্রেট ডকুমেন্ট অব ইন্টেলিজেন্স ব্রাঞ্চ অন ফাদার অব দি নেশন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, আমার দেখা নয়া চীন ও বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক শিশুদের জন্য প্রকাশিত বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক ২৬টি গ্রন্থ সকল শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক ক্রয় ও পাঠের ব্যবস্থা এবং শিক্ষা কার্যক্রম, প্রশিক্ষণ কার্যক্রমে পুরস্কার ও কৃতী শিক্ষার্থীদের উপহার হিসাবে প্রদানের জন্য প্রয়োজনীয় নির্দেশনা প্রদান।<br><br>**সিদ্ধান্ত:** বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী, কারাগারের রোজনামচা, সিক্রেট ডকুমেন্ট অব ইন্টেলিজেন্স ব্রাঞ্চ অন ফাদার অব দি নেশন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, আমার দেখা নয়া চীন ও বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক শিশুদের জন্য প্রকাশিত বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক ২৬টি গ্রন্থ সকল শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক ক্রয় ও পাঠের ব্যবস্থা এবং শিক্ষা কার্যক্রম, প্রশিক্ষণ কার্যক্রমে পুরস্কার ও কৃতী শিক্ষার্থীদের উপহার হিসাবে প্রদানের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | কারিগরি শিক্ষা অধিদপ্তর এবং অধিদপ্তরাধীন দপ্তর ও প্রতিষ্ঠানসমূহ |
| ০৬. | কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের নির্দেশনা অনুযায়ী সকল সরকারি-বেসরকারি (এমপিও/নন-এমপিও) কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে 'বঙ্গবন্ধু কর্নার' স্থাপন।<br><br>**সিদ্ধান্ত:** কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের নির্দেশনা অনুযায়ী সকল সরকারি-বেসরকারি (এমপিও/নন-এমপিও) কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে 'বঙ্গবন্ধু কর্নার' স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। 'বঙ্গবন্ধু কর্নার' স্থাপনের ক্ষেত্রে প্রতিষ্ঠানের লাইব্রেরীকে অগ্রাধিকার প্রদান করতে হবে। লাইব্রেরী না থাকলে প্রদর্শনযোগ্য স্থানে 'বঙ্গবন্ধু কর্নার' স্থাপন করতে হবে। পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয়সমূহ 'বঙ্গবন্ধু কর্নার' স্থাপনের কাজ মনিটরিং করবে। | কারিগরি শিক্ষা অধিদপ্তর এবং অধিদপ্তরাধীন দপ্তর ও প্রতিষ্ঠানসমূহ |
| ০৭. | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানে জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটি কর্তৃক ১৫ আগস্ট জাতীয় শোক দিবস ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানে ৪৬তম শাহাদাতবার্ষিকী পালন উপলক্ষ্যে ০১ আগস্ট থেকে কারিগরি শিক্ষা অধিদপ্তর এবং অধিদপ্তরাধীন দপ্তর ও প্রতিষ্ঠানসমূহের ভবনে ড্রপডাউন ব্যানার ব্যবহারের নির্দেশনা প্রদান।<br><br>**সিদ্ধান্ত:** জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানে জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটি কর্তৃক ১৫ আগস্ট জাতীয় শোক দিবস ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানে ৪৬তম শাহাদাতবার্ষিকী পালন উপলক্ষ্যে ০১ আগস্ট থেকে কারিগরি শিক্ষা অধিদপ্তর এবং অধিদপ্তরাধীন দপ্তর ও প্রতিষ্ঠানসমূহের ভবনে ড্রপডাউন ব্যানার ব্যবহারের নির্দেশনা ইতোমধ্যে প্রদান করা হয়েছে। সকল প্রতিষ্ঠান এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | কারিগরি শিক্ষা অধিদপ্তর এবং অধিদপ্তরাধীন দপ্তর ও প্রতিষ্ঠানসমূহ |

২। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৫/৮/২০২১

(মোঃ হেলাল উদ্দিন এনডিসি)
অতিরিক্ত সচিব ও
মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০১০.২৩.০৩৫.২১-২৬৯ | তারিখঃ ০৫/০৮/২০২১ খ্রি.

অনুলিপি অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

০১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। অতিরিক্ত সচিব (কারিগরি অনু:), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। পরিচালক (প্রশাসন/পি.আই.ডব্লিউ/ভোকেশনাল/পি.আই.ইউ/পরি.ও উন্নয়ন), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০৪। সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। অধ্যক্ষ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, ঢাকা।
০৬। অধ্যক্ষ, ইঞ্জিনিয়ারিং কলেজ (সিলেট, ময়মনসিংহ, ফরিদপুর, বরিশাল)।
০৭। আঞ্চলিক পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয় (সকল)।
০৮। অধ্যক্ষ, ভিটিটিআই, বগুড়া।
০৯। অধ্যক্ষ, পলিটেকনিক/মনোটেকনিক ইনস্টিটিউট (সকল)।

১০। অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল ও কলেজ (সকল)।

১১। অধ্যক্ষ/সুপারিনটেন্ডেন্ট/প্রধান শিক্ষক, বেসরকারি এমপিওভুক্ত ও নন-এমপিও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ।

১২। ইকুইপমেন্ট অফিসার, সেন্ট্রাল স্টোর, নারায়নগঞ্জ।

১৩। সহকারী পরিচালক (১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০/১১), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

১৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আই.সি.টি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশ ও সংশ্লিষ্ট সকলকে ই-মেইলে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।

১৫। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৬। প্রশাসনিক কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

১৭। সংশ্লিষ্ট নথি।

(মনজুরুল কাদের)
যুগ্মসচিব ও
পরিচালক (প্রশাসন)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।